# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬০১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে দুইজন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে হাঁচি দিয়েছিলেন, তাদের বিবরণ

## ذِكْرُ وَصْفِ الرَّجُلَيْنِ اللَّذَيْنِ عَطَسَا عِنْدَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

601 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ الْجَهْضَمِيُّ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ إِسْحَاقَ عَنْ سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ: قَالَ: جَلَسَ رَجُلَانِ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحَدُهُمَا أَشْرَفُ مِنَ الْآخَرِ فَعَطَسَ الشَّرِيفُ فَلَمْ يَحْمَدِ اللَّهَ وَعَطَسَ الْآخَرُ فَحَمِدَ اللَّهَ فشمَّته النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقَالَ: يَا رَسُولَ اللَّهِ عَطَسْتُ فَلَمْ تُشَمِّتْنِي وَعَطَسَ هَذَا فَشَمَّتَّهُ؟ فقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ هَذَا ذَكَرَ اللَّهَ فَذَكَرْتُهُ وأنت نسيت فنسيتك.)

الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 601 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৬০১. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, দুইজন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে বসলেন, তাদের মধ্যে একজন অপরজন অপেক্ষা বেশি সম্ভ্রান্ত ছিলেন। সম্ভ্রান্ত লোকটি হাঁচি দেয় কিন্তু ‘আলহামদু লিল্লাহ’ বলেনি। অপর ব্যক্তি হাঁচি দিয়ে ‘আলহামদু লিল্লাহ’ বলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর হাঁচির জবাব দেন। তখন প্রথম ব্যক্তি বলেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি হাঁচি দিয়েছিলাম তখন আপনি আমার হাঁচির জবাব দেননি, আর এই ব্যক্তি হাঁচি দিলে আপনি তাঁর জবাব দিলেন?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “এই ব্যক্তি আল্লাহর যিকির করেছেন, ফলে আমিও যিকির করেছি আর তুমি ভুলে গিয়েছো ফলে আমিও তোমাকে ভুলে গিয়েছি!”[1]

ফুটনোট

[1] আদাবুল মুফরাদ: ৯৩২; হাকিম: ৪/২৬৫।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে হাসান বলেছেন। (আল মেশকাত: ৪৭৩৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89103

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন